গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত ডিসেম্বর, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৭ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | ‘পরিশিষ্ট-ক’ |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ করেন । অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.১</td><td>কার্যবিবরণী দৃঢ়ীকরণ : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, নভেম্বর, ২০২৩-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে।</td><td>১) এ বিভাগ ও অধিদপ্তরের সাথে অনুষ্ঠিত সমন্বয়সভায় কার্যবিবরণীর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় নভেম্বর, ২০২৩ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।</td></tr>
<tr><td>২.২</td><td>করোনা প্রতিরোধ ও ডেঙ্গুরোগ প্রতিরোধ : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে ১৭০১ জন কর্মচারী করোনাভাইরাসে আক্রান্ত হয়। ১৬৯৩ জন সুস্থ হয়েছে। ৮ জন কর্মচারী মৃত্যুবরণ করেছেন। বর্তমানে করোনাভাইরাসে আক্রান্ত কোন কর্মচারী নেই।<br>এ ছাড়া ডেঙ্গুরোগ প্রতিরোধে কর্মস্থলের আশে-পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে।</td><td>১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৩</td><td>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদ পূরণ : উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :<br>কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৭৭</td><td>২১৪</td><td>৬৩</td><td>--</td></tr>
<tr><td>২</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৩০৫৯</td><td>১৮৭৭</td><td>১১৮২</td><td>--</td></tr>
</table>
</td><td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য পিএসসি’র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ১৪৪৬৮ | ১৩৮৬৬ | ৬০২ | -- |
| ৪ | **কারা অধিদপ্তর** | ১২২৩৮ | ১০৮৩৮ | ১৪০০ | -- |
| ৫ | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ১৫৩০ | ১১৮৬ | ৩১৫ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত। |
| **মোট** | | **৩১৫৭২** | **২৭৯৮১** | **৩৫৬২** | |

**শূন্যপদের বিন্যাস :**

| **মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা)** | **১ম-৯ম গ্রেড** | **১০ম গ্রেড** | **১১-১৬ গ্রেড** | **১৭-২০ গ্রেড** | **মোট** |
|---|---|---|---|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | ২৬ | ৭ | ১২ | ১৮ | ৬৩ |
| **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ৭৩ | ১৪০ | ৬৮ | ৩৪ | ৩১৫ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ১৯৭ | ১৪৪ | ৭৪৫ | ৯৬ | ১১৮২ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ৯ | ৭ | ৫২০ | ৬৬ | ৬০২ |
| **কারা অধিদপ্তর** | ৪৪ | ৭৫ | ৪৯৩ | ৭৮৮ | ১৪০০ |
| **মোট** | **৩৪৯** | **৩৭৩** | **১৮৩৮** | **১০০২** | **৩৫৬২** |

**ক) সুরক্ষা সেবা বিভাগ** : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, বিপিএসসি হতে এ বিভাগে ২ (দুই) জন প্রশাসনিক কর্মকর্তা মনোনয়ন দেওয়া হয়েছে। তাদের পুলিশ ভেরিফেকেশন কার্যক্রমের জন্য নিরাপত্তা-৩ শাখার মাধ্যমে এসবি অফিসে প্রেরণ করা হয়েছে। স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নের জন্যও ব্যবস্থা নেয়া হয়েছে।

**খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

১ম-৯ম গ্রেড : মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান, বিপিএসসি হতে ১৮ জন সহকারী পরিচালকের পদ, ৯ জন রিহেবিলিটেশন অফিসারের পদ, ৮ জন সহকারী রাসায়নিক পরীক্ষকের পদ, ৮ জন সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কারের পদ, ২ জন হিসাবরক্ষকের পদ এবং ১ জন আইন কর্মকর্তার মোট ৭ ক্যাটাগরির ৪৬ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে।

**১০ম গ্রেড** : পিএসসি হতে প্রসিকিউটর পদে ২৫ জন, কাউন্সিলর পদে ১৫ জন এবং মেট্রোন (জুনিয়র) পদে ১ জনসহ ৪১ জনকে নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।

**১১-১৭তম গ্রেড** : ল্যাব সহকারী পদে ১৫ জনকে নিয়োগের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২ নভেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। সিপাই'র ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখে লিখিত পরীক্ষার দিন ধার্য আছে।

**১৮-২০ গ্রেড** : ল্যাব সহকারী'র ১৮টি পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২ নভেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। সুপারিশপ্রাপ্তদের প্রাক নিয়োগ চরিত্র যাচাইয়ের নিমিত্ত পুলিশ প্রত্যয়ন/প্রতিবেদনের কার্যক্রম চলমান আছে।

**গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

২য়-৯ম গ্রেড : সভাকে জানানো হয়, ৭৩টি শূন্যপদের বিপরীতে ৪৫টি পদের জন্য পিএসসিতে তালিকা প্রেরণ করা হয়েছে এছাড়া, পরিচালকের ১টি পদে নিয়োগের

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান**

| | | |
|---|---|---|
| | প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। প্রোগ্রামারের-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৬টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-৩টিসহ ১০টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** :<br>১০ম গ্রেড ও তদূর্দ্ধ : পিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>**ঙ) কারা অধিদপ্তর** : সভাকে জানানো হয়, ১ম-৯ম গ্রেডের ফিডার পদধারী না থাকায় ২টি কারা উপ-মহাপরিদর্শক পদ, আদালতে মামলা বিচারাধীন থাকায় ১৩টি সিনিয়র জেল সুপার পদে পদোন্নতি এবং ২২টি জেলার ও উপতত্ত্বাবধায়ক পদে সরাসরি নিয়োগ করা সম্ভব হচ্ছে না ।<br><br>**১০ম গ্রেড** : পিএসসি কর্তৃক ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে এবং ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য পিএসসি বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**১১-১৬ গ্রেড** : ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০তম বিসিএস থেকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। ১২টি শূন্যপদ পূরণের জন্য ৪১তম সাধারণ বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হতে নন-ক্যাডার পদে সুপারিশের জন্য অধিযাচন প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরির ১১৭টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে।<br><br>**১৭-২০ গ্রেড** : কারারক্ষী ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী ১৪টি শূন্যপদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৩৮টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। | |
| ২.৪ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে। এর মধ্যে ১টি নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট।<br><br>জেলাপ্রশাসক সম্মেলন, ২০১৮-২০২২ এ ২টি মধ্যমেয়াদি ও ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। এর মধ্যে ২টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ২টি কারা অধিদপ্তর সংশ্লিষ্ট। সভায় জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২৩ এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী: অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

| | | |
|---|---|---|
| ২.৫ | **ক্রয় ব্যবস্থাপনা :**<br><br>**ডিআইপি** : ২০২৩-২০২৪ অর্থবছরে নভেম্বর, ২০২৩ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**ডিএনসি** : নভেম্বর, ২০২৩ এ কোন টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**এফএসসিডি :** ২০২৩-২০২৪ অর্থবছরে পোষাক সামগ্রী খাতে প্রাপ্ত বরাদ্ধ দ্বারা টিসি কমবেট কাপড়, ডীপ সাইন, ডিএমএস বুট, পিটি স্যু,স্টিল ট্রাংক, হ্যাগিং ব্যাজ (জীপ সাইন), Rescue Badge and Rang Badge Cloth (As per Designation), মশারী, স্যু ব্রাশ(কালো), স্যু-পালিশ(কালো) ই-জিপি পদ্ধতিতে সংগ্রহের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। যার মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ৭টি লটে ১০১ প্রকার মনিহারী সামগ্রী ই-জিপি পদ্ধতিতে সংগ্রহের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। যার মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অপরদিকে, খুচরা যন্ত্রংশ সংগ্রহের জন্য ৪টি স্থানীয় উন্মুক্ত দরপত্রের আহ্বান করা হয়েছে। আহ্বানকৃত ৪টি দরপত্রের মধ্যে ইতোমধ্যে ২টির মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**প্রিজন :** (কেন্দ্রীয়ভাবে) নভেম্বর, ২০২৩ পর্যন্ত ২৫টি প্যাকেজের দরপত্র ই-জিপি’র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে নভেম্বর, ২০২৩ এ আহ্বানকৃত ২টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের মূল্যায়ন চলমান আছে। | ১) পিপিআর ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>২) আওতাধীন অধিদপ্তরসমূহে বিবেচ্য মাসে অনলাইন এবং অফলাইনে আহ্বানকৃত টেন্ডারসমূহের তালিকা এবং এর বিপরীতে সংগ্রহ/ক্রয়কৃত পণ্য/সেবা/ওয়ার্কস (কাজ) বিবরণ প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণে ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি** : সভাকে জানানো হয়, বিবেচ্য বছরে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সূচক ১৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সূচক-২৭টি, কারা অধিদপ্তরের সূচক ২২টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সূচক ৩০টিসহ মোট ৯৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। APA টিম লিডার জানান এগুলোর বাস্তবায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে যথারীতি বাস্তবায়ন অগ্রগতির সভা করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। | ১) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার প্রতিমাসে অধিদপ্তরের ফোকাল পয়েন্ট-দের নিয়ে সভা করবেন এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করবেন।<br><br>২) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জনে প্রতিমাসে অধিদপ্তর প্রধানগণ সভা করবেন এবং অনুলিপি এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দিবেন।<br><br>৩) এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৪) মাঠপর্যায়ের কর্মকর্তাগণকে বাৎসরিক কর্মসম্পাদন চুক্তির সূচক অর্জনের জন্য সময়ে সময়ে সভা/প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করতে হবে এবং মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৭ | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন :** সভায় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রাতিষ্ঠানিক সূচক ৬টি, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সূচক ৫টি সূচকগুলো বাস্তবায়নে কোন সমস্যা নেই বলে তিনি সভাকে জানান। | ১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>২) ফোকাল কর্মকর্তা সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ৩ (তিন) তারিখের মধ্যে লিখিতভাবে সফটকপি এবং হার্ডকপি ই-নথিতে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

| | | |
|---|---|---|
| ২.৮ | **অডিট আপত্তি :** সভায় উপসচিব (বাজেট-২) কর্তৃক সভাকে জানানো হয়, এ বিভাগের আওতাধীন অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**ডিআইপি :** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ৪৫টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২২টি পেন্ডিং রয়েছে।<br><br>**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১৪১টি আপত্তির মধ্যে ১০৯টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল যা সংশোধনপূর্বক পুনঃপ্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৩২টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে। সুরক্ষা সেবা বিভাগের বাজেট-২ শাখায় ৫টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ০৫.১২.২০২৩ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) এর মধ্যে ৫টি এবং (SFI) ৯টির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**ডিএনসি :** ১৭টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। | ১) যেসকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

২.৯ **পেনশন :** সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেস ২টি আদালতে মামলা থাকার কারণে নিষ্পত্তি হচ্ছে না। কারা অধিদপ্তরের ১টি পেনশন কেস মামলা সংক্রান্ত জটিলতার কারণে নিষ্পত্তি করা যাচ্ছে না।

| অধিদপ্তর | পূর্বের অনিষ্পন্ন পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে পেনশনের সংখ্যা | মোট অনিষ্পন্ন পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পেনশনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **ডিআইপি** | ০ | ০ | ০ | ০ | -- |
| **ডিএনসি** | ০ | ০ | ০ | ১ | -- |
| **এফএসসিডি** | ২ | ০ | ২ | ১ | আদালতে মামলা থাকার কারণে ২টি পেনশন কেস অনিষ্পন্ন আছে। |
| **প্রিজন** | ০ | ১ | ১ | ০ | সিনিয়র সহকারী জজ আদালত, সিলেট এ স্বত্ব মোকদ্দমা নং ১৮৩৭/২০২২ বিচারাধীন রয়েছে। ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ জবাব দাখিলের জন্য ধার্য রয়েছে। |
| **মোট** | ২ | ১ | ৩ | ২ | -- |

১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

| | | |
|---|---|---|
| ২.১০ | **জেলা পরিদর্শন :** সভাকে জানানো হয়, বিবেচ্য সময়ে এ বিভাগের ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ খায়রুল কবীর মেনন, অতিরিক্ত সচিব এবং সদস্য জনাব মোঃ আবদুল কাদির, যুগ্মসচিব, জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব ৩০ নভেম্বর- ০১ ডিসেম্বর ২০২৩ রাঙ্গামাটি জেলা পরিদর্শন করেন। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ২ জন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২জন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২ জন, কারা অধিদপ্তরের ২জন কর্মকর্তা জেলা পরিদর্শন করেন। | ১) প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে। পরিদর্শন শেষে ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর দাখিল করতে হবে;<br><br>৩) পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |
| ২.১১ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে।<br><br>এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে বিবেচ্যমাসে মোট ১৯০টি পত্র পাওয়া যায়, তন্মধ্যে ২০টি পত্র নিষ্পত্তি করা হয়, ১৭০টি পত্র (১ সপ্তাহের বেশি নয়-৫টি, ১ সপ্তাহের অধিক কিন্তু ২ সপ্তাহের বেশি নয়-৩টি, দুই সপ্তাহের অধিক কিন্তু এক মাসের অধিক নয় ১টি এবং এক মাসের অধিক-১৬১টি) পত্র অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন বিষয়ের ওপর অধিদপ্তর প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>২) পরবর্তী সমন্বয়সভা থেকে মন্ত্রণালয়ের নিকট এবং অধিদপ্তরের নিকট কতটি পত্র পেন্ডিং রয়েছে তা লিখিত আকারে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১২ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের চাহিদা মোতাবেক Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১) ১০ম গ্রেডে হতে ২০তম গ্রেডের প্রশিক্ষণ প্রদানের অগ্রগতি আরো বৃদ্ধি করতে হবে।<br><br>২) জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মচারীদের Need Based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr><td>২.১৩</td><td>ওয়েবসাইট হালনাগাদকরণ : ওয়েবসাইট হালনাগাদকরণ : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন দপ্তর কর্তৃক জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়।</td><td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইট তথ্য আপডেট ও আপলোড যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে।<br><br>২) এ বিভাগের সিস্টেম এনালিস্টকে ওয়েবসাইটে তথ্য যথাসময়ে আপলোড ও আপডেট অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.১৪</td><td>ই-নথি : সভায় ই-নথির মাধ্যমে পত্র নিস্পত্তির কার্যক্রম বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে। নভেম্বর, ২০২৩ এ সুরক্ষা সেবা বিভাগে ৮৯.৮০%, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৯১.৭৭%, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ৯০.১২%, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ৮৮.২২%, কারা অধিদপ্তরে ৯২.২৪% নথি ই-নথিতে নিষ্পত্তি করা হয়েছে ।</td><td>১) ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে;<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.১৫</td><td>ইনোভেশন : সভাকে জানানো হয় এ বিভাগে ও আওতাধীন অধিদপ্তরসমূহে নিম্নরূপ উদ্ভাবনী ধারণা উপস্থাপন করা হয় :<br><br><table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন;</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>Digital Store Management System;</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>Fire and Rescue Apps;</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ;</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>Visa Application Tracking Management Software;</td></tr>
</table></td><td>১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনানুসারে ইনোভেশনে বর্ণিত সূচকের মান অর্জনে নির্ধারিত সূচক অগ্রগতি পর্যালোচনাপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করতে নির্ধারিত সময় অন্তর অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।</td></tr>
<tr><td>২.১৬</td><td>ভিডিও কনফারেন্স : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল সভায় জানান, বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ১৫টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। এ কার্যক্রম অব্যাহত আছে।</td><td>১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.১৭ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা :** ১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে নভেম্বর ২০২৩ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৫০টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৬১টি, মোট মামলার সংখ্যা ৫১১টি। এর মধ্যে ১৯টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৪৯২টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ১০টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ১০টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ২টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৮টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২৭টি ও এএটি-৫৭টি।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬২টি, রিট-৩১৬টি, সিভিল রিভিশন-১১টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে তৎপরতা অব্যাহত রাখতে হবে।<br><br>৪) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (কজলিস্ট) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৮ | **বিবিধ :** সভাকে জানানো হয়, এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত তথ্যাদির বিষয়ে মন্তব্য কলামে দেখানো হয়। | ১) প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ কোন আলোচ্যসূচি থাকলে সফটকপি (পিডিএফ ও ওয়ার্ড ফরম্যাটে)-এ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br><br>২) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোন দপ্তর হতে কত তারিখে প্রেরণ করা হয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত

দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানি কিংবা ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য নিজেদেরকে পূর্ণাঙ্গরূপে প্রস্তুত করতঃ গণমুখী প্রশাসন নিশ্চিত করতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৪৪৩

তারিখ: ১২ পৌষ ১৪৩০
২৭ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব